# তারেক রহমানের নেতৃত্বে নতুন সরকারের সূচনা



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারম্যান তারেক রহমান বাংলাদেশের ১১তম প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। মঙ্গলবার বিকেল চারটার পর জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তাকে শপথবাক্য পাঠ করান।

রাষ্ট্রীয় আনুষ্ঠানিকতা মেনে জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে আয়োজনের সূচনা হয়। এরপর পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয়। নির্ধারিত প্রক্রিয়া অনুসারে প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর তাকে গোপনীয়তার শপথও পড়ানো হয়।

শপথ পাঠ শেষে প্রয়োজনীয় নথিতে স্বাক্ষর করেন নতুন প্রধানমন্ত্রী। এভাবেই আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করে যাত্রা শুরু করল তারেক রহমানের নেতৃত্বাধীন নতুন সরকার।